



জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
website : www.nmst.gov.bd

নং-৩৯.০৩.০০০০.০০৫.১১.০০২.১৮- ৬১৮

তারিখ : ১২.১১.২০১৯ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বিগত ২৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ৩৯.০০.০০০০.০০৭.১১.০০১.১৭-২৫৩ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এর নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহে অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বয়সসীমা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
১।	সাঁটলিপিকার কাম- কম্পিউটার অপারেটর	১	১৮-৩০	১১০০০-২৬৫৯০/-	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী এবং সাঁটলিপি ও টাইপিং এ ইংরেজি ও বাংলাতে প্রতি মিনিটে অন্যান্য ৮০/৫০ এবং ৩০/২৫ শব্দের গতি থাকতে হবে। তবে, শর্ত থাকে যে, ইংরেজি ও বাংলা ভাষায় ভাল জ্ঞানসম্পন্ন এবং কম্পিউটার চালনায় পারদর্শী প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
২।	গাড়ী চালক	১	১৮-৩০	৯৩০০-২২৪৯০/-	কোন স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কার, বাস, ট্রাক ইত্যাদি চালানোর ক্ষেত্রে অন্যান্য ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ উক্তরূপ গাড়ী চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে।
৩।	পরিচ্ছন্নতা কর্মী	১	১৮-৩০	৮২৫০-২০০১০/-	অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুঠাম স্বাস্থ্যের অধিকারী হতে হবে।

শর্তাবলী:

- ১। আবেদনপত্র ডাকযোগে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আগামী ১২.১২.২০১৯ তারিখ অফিস সময়ের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ২। সরকার নির্ধারিত চাকুরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা এবং সাক্ষাৎকার পত্রের নমুনা এ অফিসের Website: www.nmst.gov.bd থেকে ডাইনলোড করা যাবে বা অফিসের নোটিশ বোর্ডেও পাওয়া যাবে।
- ৩। আবেদনপত্রের খামের উপরের ডান পাশে পদের নাম, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ৫.০০ (পাঁচ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট সংযুক্ত ৯. ৫''x৪.৫'' পরিমাপের একটি খাম দিতে হবে। আবেদনপত্রের সাথে নমুনা সাক্ষাৎকার পত্রটি পূরণ করে দাখিল করতে হবে।
- ৪। প্রার্থীর বয়সসীমা ১২.১২.২০১৯ তারিখে ১৮-৩০ বছর এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের বেলায় ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের এফিডেভিট গ্রহণযোগ্য নয়। মহিলা ও অন্যান্য কোটার ক্ষেত্রে প্রচলিত সরকারি নীতিমালা/বিধিবিধান প্রযোজ্য হবে।
- ৫। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/সংবিধিবদ্ধ সংস্থায় চাকুরির প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- ৬। আবেদনপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসীলি ব্যাংক থেকে "মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা" এর অনুকূলে প্রার্থীদের ১০০/- টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। এছাড়া ৫ সে.মি. x ৫.সে.মি. আকারের ৩ কপি ছবি ব্যতীত আর কোন কাগজপত্রের অনুলিপি জমা দিতে হবে না।
- ৭। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- ৮। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৯। কর্তৃপক্ষ যে কোন বা সকল আবেদন বাতিল করতে পারেন। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত।

মোহাম্মাদ মুনির চৌধুরী
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)

বিতরণ:

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি মহোদয়ের একান্ত সচিব, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
- ৬। সহকারী প্রোগ্রামার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
- ৭। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক কালের কণ্ঠ, কুড়িল বিশ্বরোড, যমুনা ফিউচার পার্ক, ঢাকা-১২০৮। (৪ কলাম ৮ ইঞ্চি সাইজের বিজ্ঞাপনটি আগামী ২ দিনের মধ্যে ভিতরের পাতায় ১ দিনের জন্য প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হল)।
- ৮। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর, যমুনা ফিউচার পার্ক, রামপুরা, ঢাকা। (৪ কলাম ৮ ইঞ্চি সাইজের বিজ্ঞাপনটি আগামী ২ দিনের মধ্যে ভিতরের পাতায় ১ দিনের জন্য প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হল)।
- ৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা।

